

বাংলাদেশ তাঁত বোর্ড


অর্থ ও হিসাব বিভাগ

বিষয় : বাঁতাবোর আওতাধীন কেন্দ্রসমূহে তথ্য আদান প্রদানের লক্ষ্যে অফিসিয়াল ই-মেইল আইডি প্রেরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাঁতাবোর আওতাধীন কেন্দ্রসমূহে (বেসিক সেন্টার ও প্রশিক্ষণ কেন্দ্র) বিভিন্ন ব্যয়ের অর্থ প্রেরণ সংক্রান্ত তথ্য প্রচলিত মাধ্যমে প্রেরণ করা হয় যা পৌছাতে সময় লেগে যায়। এছাড়া অনেক সময় তা পৌছায়নি মর্মে জানিয়ে পুনরায় প্রেরণের জন্য অনুরোধ করা হয়, ফলে বিল পরিশোধে বিলম্ব হয়। এক্ষেত্রে প্রতিটি কেন্দ্রে প্রচলিত পদ্ধতির পাশাপাশি অফিসিয়াল ই-মেইলে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের ব্যয় সংক্রান্ত বিস্তারিত তথ্য প্রেরণ করা হলে তা দ্রুততম সময়ে পরিশোধ এবং গোপনীয়তা রক্ষা করা উভয়ই সম্ভব হবে।

বর্ণিতাবস্থায়, বাঁতাবোর আওতাধীন কেন্দ্রসমূহে (বেসিক সেন্টার ও প্রশিক্ষণ কেন্দ্র) বিভিন্ন ব্যয়ের অর্থ প্রেরণ সংক্রান্ত তথ্য অফিসিয়াল ই-মেইলে (প্রয়োজনে) পাঠানোর লক্ষ্যে প্রতিটি কেন্দ্র/দায়িত্বরত কর্মকর্তার অফিসিয়াল ই-মেইল আইডি অর্থ ও হিসাব বিভাগের ই-মেইল আইডি- [bhb.anf@gmail.com](mailto:bhb.anf@gmail.com) এ প্রেরণের নির্দেশনা প্রদানের অনুরোধ করা হলো।

বিষয়টি জরুরি।

  
মোঃ মোজাজ্জের আলী  
সদস্য (অর্থ)  
ফোনঃ ৫৮১৫২৮৯৭

বিতরণঃ

১। সদস্য (এসএন্ডএম/ওএন্ডএম) বাঁতাবো, ঢাকা।

নং- ২৪.০৫.০০০০.৫২৭.৯৯.০০৪.১৭- ৪৬৬

তারিখঃ ২৫-১০-২০১৯ খ্রিঃ

অনুলিপিঃ

১। সমন্বয় কর্মকর্তা, বাঁতাবো, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।

✓ ২। ফোকাল পয়েন্ট, আইসিটি (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।

৩। অফিস কপি।